



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার লেটার নং-২৫

১৪ অগ্রহায়ণ ১৪৩০  
তারিখ: \_\_\_\_\_  
২৯ নভেম্বর ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

আমানত ও ঋণ/লিজ/বিনিয়োগের সুদ/মুনাফার হার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০৭, তারিখ: ২০ জুন ২০২৩ এবং ডিএফআইএম সার্কুলার লেটার নং-২১, তারিখ: ০৮ অক্টোবর ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিদ্যমান আর্থিক নীতি হার সমূহ বিবেচনায় ফাইন্যান্স কোম্পানিসমূহের আমানত ও ঋণের সুদ/মুনাফার হার নিম্নোক্তভাবে নিরূপিত হবে-

(ক) আমানতের সুদ/মুনাফার সর্বোচ্চ হার হবে SMART+২.৭৫% এবং

(খ) ঋণ/লিজ/বিনিয়োগের সুদ/মুনাফার সর্বোচ্চ হার হবে SMART+৫.৭৫%।

৩। এ সার্কুলার জারির পর হতে নতুনভাবে আহরিত আমানত ও বিতরণকৃত ঋণের ক্ষেত্রে উপরোক্ত ২নং অনুচ্ছেদের নির্দেশনা প্রযোজ্য হবে।

৪। এতদ্ব্যতীত, ডিএফআইএম সার্কুলার নং-০৭/২০২৩ এবং ডিএফআইএম সার্কুলার লেটার নং-২১/২০২৩ এর অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আসাদুজ্জামান খান)  
পরিচালক (ডিএফআইএম)  
ফোনঃ ৯৫৩০১৭৮।